দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 02 DEC 1988
পৃষ্ঠা 12 কলাম 5

113

# হরগঙ্গা ডিগ্রী পরীক্ষা কেন্দ্রে ভাংচুর ॥ ৩ জন পরীক্ষার্থীসহ ৯ জন গ্রেফতার

মুন্সীগঞ্জ সংবাদদাতার টেলিফোন : গতকাল হরগঙ্গা সরকারী কলেজ কেন্দ্রে ডিগ্রী পরীক্ষার্থীদের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি তৃতীয় পত্রের পরীক্ষা শুরুর কিছু পূর্বে একদল বহিরাগত ও কতিপয় পরীক্ষার্থী কেন্দ্রের আসবাব ভাংচুর ও সাধারণ পরীক্ষার্থীদের মধ্যে ত্রাসের সৃষ্টি করে। বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের দ্বারা পরীক্ষা ভন্ডুলের এই চেষ্টা চলার পর কর্তব্যরত ম্যাজিষ্ট্রেট ও পুলিশের হস্তক্ষেপে আধ ঘন্টা পর পরীক্ষা শুরু হয়। পুলিশ ৩ জন পরীক্ষার্থীসহ মোট ৯ জনকে গ্রেফতার করিয়াছে। ইহাদের মধ্যে ৩ জন ইতিপূর্বে বহিষ্কৃত ডিগ্রী পরীক্ষার্থী। বিশৃঙ্খলা সৃষ্টিকারীরা প্রথমে কলেজ অধ্যক্ষের কক্ষে ঢুকিয়া অধ্যক্ষকে গালিগালাজ ও তাহার প্রতি টেবিল ছুঁড়িয়া মারে। বুধবার এই কেন্দ্রে ১ জন পরীক্ষার্থীকে বহিষ্কারের ঘটনার সূত্র ধরিয়া গতকালের এই বিশৃঙ্খলা সৃষ্টি হয়।